দৈনিক ইত্তেফাক

তারিখ 0[illegible] DEC 1987

পৃষ্ঠা ...১২ কলাম ২

011

# নূতন গণশিক্ষা কার্যক্রমে প্রশিক্ষিত ইমামগণ অগ্রাধিকার পাইবে

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষা মন্ত্রণালয়ের নূতন গণশিক্ষা কার্যক্রমে প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের অগ্রাধিকারের ভিত্তিতে মাসিক ২ শত টাকা ভাতায় নিয়োগ করার একটি প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন। দেশে ১ লক্ষ ৩২ হাজার মসজিদের মধ্যে জামে মসজিদের সংখ্যা ১ লক্ষ ৯ হাজার। সব মসজিদে এ কর্মসূচী গ্রহণ করিলে বৎসরে পৌনে ৩২ কোটি টাকা, কেবল জামে মসজিদে এ কর্মসূচী চালু করিলে বৎসরে ২৬ কোটি টাকা লাগিবে।

বর্তমানে ইমাম প্রশিক্ষণ সমাপনকারী মসজিদের ইমামদের সংখ্যা ২০ হাজারের মত। '৮৪-র ৩০শে জুন পর্যন্ত ১৫ হাজার ৫৩০ জন ইমামের প্রশিক্ষণ সমাপ্ত

(১১শ পৃঃ দ্রঃ)

## প্রশিক্ষিত ইমাম

(শেষ পৃঃ পর)

হইয়াছিল।

এ প্রকল্প মূল্যায়নকালে মূল্যায়ন কমিটি শিক্ষা মন্ত্রণালয়ের মতামত লইয়াছে। শিক্ষা মন্ত্রণালয় এককভাবে সকল ইমামকে নিয়োগ ও ভাতাদানের ক্ষেত্রে তাহাদের কর্মসূচী ও অর্থের সীমাবদ্ধতার কথা জানায়।

বিষয়টি তিনবার প্রেসিডেন্টের বিবেচনা লাভ করিয়াছে। ৮৪-র ৫ই জানুয়ারী প্রেসিডেন্ট প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের মাসিক ২ শত টাকা হারে ভাতা দানের আশ্বাস ঘোষণা করেন। ৮৪-র ১৪ই অক্টোবর বিষয়টি দ্বিতীয় দফা সর্বোচ্চ মহলের বিবেচনা লাভ করে।

মসজিদ কেন্দ্রিক মক্তবের শিক্ষা প্রচলনের আবশ্যকতা উল্লেখ করিয়া বিবেচনায় বলা হইয়াছিল, প্রাথমিক বিদ্যালয়গুলি দেশের নিরক্ষরতা দূর করার জন্য পর্যাপ্ত নয়। দেশের প্রত্যন্ত অঞ্চলে ছোট ছোট ছেলেমেয়েদের মধ্যে সামাজিক কর্তব্যবোধ প্রসার তৎসহ জনসংখ্যা কার্যক্রমের জ্ঞান প্রচারের জন্য ইমামদের মধ্য হইতে শিক্ষাকর্মী নিয়োগের জন্য প্রেসিডেন্ট পরামর্শ দেন। বলা হইয়াছিল, একাজের জন্য যাহারা নির্বাচিত হইবে তাহাদের ন্যূনতম মানসম্মত শিক্ষাগত যোগ্যতা থাকা জরুরী। সংখ্যা না বাড়াইয়া গুণগত মানোন্নয়নের তাগিদ দিয়া প্রকল্পটিকে প্রাথমিক অনুমোদন দেওয়া হইয়াছিল।

প্রকল্প মূল্যায়ন কমিটি ও পরিকল্পনা কমিশন প্রাথমিক পর্যায়ে প্রতি জেলায় একটি করিয়া, ৬৪টি উপজেলায় গণশিক্ষা কর্মসূচীতে ইমামদের অন্তর্ভুক্ত করার সুপারিশ করিয়াছিল। যতদূর সম্ভব প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম ভিত্তিক কেন্দ্র স্থাপনের জন্য কর্মসূচীর এলাকা স্থিরীকরণেরও সুপারিশ করা হয়।

৮৫-র ২৬শে এপ্রিল প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের মসজিদ ভিত্তিক মক্তব ও অন্যান্য সামাজিক কাজের জন্য ২ কোটি টাকা বরাদ্দের নির্দেশ দেওয়া হইয়াছিল। সে বছর ১৫ই সেপ্টেম্বর অর্থমন্ত্রণালয় নূতন বেতন স্কেল, ঝড় ও বন্যাজনিত কারণে রাজস্ব ব্যয় বৃদ্ধির কারণ দেখাইয়া অর্থ বরাদ্দে সাময়িক অক্ষমতা জ্ঞাপন করে।

পরিকল্পনা কমিশন অবশ্য কেবল শিক্ষামন্ত্রণালয়ের আওতায় ২০ হাজার ইমামের নিয়োগের পরিবর্তে কৃষি, বন, মৎস্য, সমবায়, পল্লীউন্নয়ন, সমাজকল্যাণ, আনসার, ভিডিপি সংস্থায় উন্নয়ন ও উদ্বুদ্ধকরণ কাজে ইমামদের সম্পৃক্ত করার জন্যও পরামর্শ দিয়াছে।

এ সকল বিবেচনা ও পরামর্শের ভিত্তিতে প্রকল্পটি চূড়ান্ত করা হইবে।